

অনুমতি না নিয়ে দীর্ঘদিন বিদেশে!
ঢাকা বিশ্ববিদ্যালয়ের
পাঁচ শিক্ষক বরখাস্ত

বিশ্ববিদ্যালয় সিপোর্টসে
অনুমতি না নিয়ে দীর্ঘদিন বিদেশে
অবস্থানকারী ঢাকা বিশ্ববিদ্যালয়ের পাঁচ
শিক্ষককে চাকরি থেকে বরখাস্ত করা
হয়েছে। নির্ধারিত সময় অতিক্রম হওয়ার
পরেও দেশে ফিরে কর্মহলে যোগ না
দেয়া তাদের ব্যাপারে সিন্ডিকেটে এ
সিদ্ধান্ত নেয়া হয়। বরখাস্ত হওয়া শিক্ষকরা
হুমেন, কলিত রসায়ন ও ওষুধ প্রযুক্তি
বিভাগের সহকারি অধ্যাপক মোহাম্মদ
আব্দুল ইসলাম রচিত এবং প্রভাষক
মোহাম্মদ নজরুল ইসলাম, কলিতার
সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগের সহকারি
অধ্যাপক আব্দুল করিম এবং প্রভাষক
ফারজানা মিনুন এবং রসায়ন বিভাগের
সহকারি অধ্যাপক ইকরানুন্ নবী। এ
বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার
সৈয়দ রেজাউর রহমান ইতোমধ্যেই বলেন,
অননুমোদিতভাবে দীর্ঘদিন পাঁচজন শিক্ষক
বিদেশে অবস্থান করায় বিশ্ববিদ্যালয়
সিন্ডিকেট সিদ্ধান্ত নোভাবেক তাদেরকে
চাকরিচ্যুত করেছে।

গত ২২ এপ্রিল বিশ্ববিদ্যালয়
সিন্ডিকেট সভায় তাদেরকে বরখাস্ত করা
হয়। এছাড়া সিন্ডিকেট সভায় ফাইন্যান্স
বিভাগের সহকারি অধ্যাপক ওমর
ফারুকের পোষাকের ভবন গ্রহণ করা
হয়েছে। তিনিও বিশ্ববিদ্যালয়কে অবহিত
না করে বিনা অনুমতিতে বিদেশে অবস্থান
করছেন। তার ব্যাপারে সিপোর্টসই সিদ্ধান্ত
নেবে কর্তৃপক্ষ।